দৈনিক আমাদের সময়

তারিখ 10 OCT 2017
পৃষ্ঠা ১২ কলাম ১

# ঢাবি উপাচার্যের আশ্বাসে আন্দোলন স্থগিত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ● ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের আশ্বাসে আন্দোলন স্থগিত করেছেন সাত কলেজের শিক্ষার্থীরা। গতকাল সোমবার দুপুরে উপাচার্যের সঙ্গে আন্দোলনকারী শিক্ষার্থীদের একটি প্রতিনিধি দল বৈঠক করে। বৈঠকে ড. মো. আখতারুজ্জামান আগামী নভেম্বরের মধ্যে চতুর্থ বর্ষের ফল প্রকাশের আশ্বাস দেন। পরে শিক্ষার্থীরা ৩০ নভেম্বর পর্যন্ত আন্দোলন স্থগিত রাখার ঘোষণা দেন।

শিক্ষার্থীদের প্রতিনিধি হিসেবে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন কবি নজরুল কলেজের ব্যবস্থাপনা বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী ফয়জুর মেহেদী। তিনি বলেন,

এরপর পৃষ্ঠা ২, কলাম ৩

## ঢাবি উপাচার্যের

(শেষ পৃষ্ঠার পর) আমাদের আন্দোলনের পাঁচটি দাবির অন্যতম হলো ২০১১-১২ সেশনের চূড়ান্ত পরীক্ষার ফল প্রকাশ করা। উপাচার্য আগামী নভেম্বরের মধ্যে এ ফল প্রকাশের আশ্বাস দেওয়ায় আমরা ৩০ নভেম্বর পর্যন্ত আন্দোলন স্থগিত করেছি। এ ছাড়া সাত কলেজের জন্য আলাদা ওয়েবসাইট খোলার কাজ শুরু হয়েছে বলেও উপাচার্য ; আমাদের আশ্বস্ত করেছেন।

অধ্যাপক আখতারুজ্জামান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থীরা যাতে ভোগান্তিতে না পড়েন, সে জন্য আমরা দ্রুত সময়ের মধ্যে ফল প্রকাশসহ অন্যান্য কাজ সম্পন্নের চেষ্টা করছি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যোগাযোগ করে তাদের সহযোগিতা নিয়ে আমরা দ্রুত সমস্যা সমাধানের চেষ্টা চলাচ্ছি।

গত ১৬ ফেব্রুয়ারি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা ঢাকার সাতটি কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করা হয়।